



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/কুষ্টিয়া-৬২/ ১৮৪০/৬

তারিখঃ ০২/০৪/২০১৭খ্রিঃ

বিষয়ঃ দাখিলকৃত ম্যানেজিং কমিটি অনুমোদন না দেয়া প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং- বামাশিবো/প্রশা/কুষ্টিয়া-৬২/১৭২৭/৬; তারিখঃ ২০.০৩.২০১৭খ্রিঃ  
১) স্মারক নং- ০০.০০.৫০০০.০৩৯.৫৬.০০২.১৭-১৩৭; তারিখঃ ১৪ ফেব্রুয়ারি ২০১৭  
২) নং- বামাশিবো/প্রশা/কুষ্টিয়া-৬২/১৯৩৮/৮; তারিখঃ ১২/১২/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন পিপুলবাড়ীয়া আহসানিয়া দাখিল মাদরাসার সুপার ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদন দাখিল করেন। অপরদিকে উপজেলা শিক্ষা অফিসার, মাদরাসার সুপার ও কতিপয় শিক্ষকের বিরুদ্ধে গোপনে, নিয়ম নীতির তোয়াক্কা না করে, প্রকৃত সদস্যদের বাদ দিয়ে অবৈধভাবে কমিটি গঠন করা হয়েছে মর্মে প্রতিষ্ঠাতা দাবীদার জনাব মোঃ মইনুল হক ও মোঃ তায়েজ উদ্দিন মালিখা একখানা অভিযোগপত্র দাখিল করেন।

২) অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়াকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা একাডেমিক সুপারভাইজার, দৌলতপুর, কুষ্টিয়া এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, নিয়মিত কমিটি গঠনের ক্ষেত্রে অনুমোদিত ভোটার তালিকা অনুযায়ী প্রতিষ্ঠাতা সদস্য পদটি অন্তর্ভুক্ত করে নতুন পূর্ণাঙ্গ কমিটি গঠন করার বিষয়ে সুপারিশ প্রদান করা হয়েছে।

৩) প্রতিষ্ঠাতা সদস্য ও দাতা সদস্যকে কেন ভোটার তালিকায় এবং কমিটিতে অন্তর্ভুক্ত করা হয় নাই সে বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা দাখিল করার জন্য সূত্রোক্ত ১নং স্মারকে নবগঠিত ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে মাদরাসার সুপার যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় বিদ্যমান বিধি বিধান যথাযথভাবে অনুসরণ না করায় মাদরাসার সুপার কর্তৃক দাখিলকৃত ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়া গেল না। প্রতিষ্ঠানের স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন করার জন্য মাদরাসার সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, পিপুলবাড়ীয়া আহসানিয়া দাখিল মাদরাসা, ডাকঘর- পিপুলবাড়ীয়া, দৌলতপুর, কুষ্টিয়া।

নং- বামাশিবো/প্রশা/কুষ্টিয়া-৬২/

তারিখঃ /০৪/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ-

১. উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
২. জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
৪. জনাব মোঃ মইনুল হক/ মোঃ তায়েজ উদ্দিন মালিখা, গ্রাম ও ডাকঘর- পিপুলবাড়ীয়া, দৌলতপুর, কুষ্টিয়া।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪